

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিদেশ প্রশিক্ষণ অধিশাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

নং- ০৫.০০.০০০০.২০২.০০.০১৩.১৬-১২৫

তারিখ: ১৬/০৩/২০১৬ খ্রি.

**বিষয়: বৈদেশিক উচ্চ শিক্ষার লক্ষ্যে উচ্চতর গবেষণার ক্ষেত্র চিহ্নিতকরণে তথ্য প্রেরণ প্রসঙ্গে।**


**সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র নং ০৩.০৭৪.৩৯.১৬.০০.০০১.২০১৫-১৪৪(১৫), তারিখ: ০৬/০৩/২০১৬**

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বৈদেশিক উচ্চ শিক্ষার নিমিত্ত উন্নয়ন সহযোগী সংস্থা ও বাংলাদেশ সরকার প্রদত্ত বৃত্তি বিষয়ে একটি সভা গত ০১/০৩/২০১৬ তারিখ প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব জনাব মো: আবুল কালাম আজাদ উক্ত সভায় সভাপতিত্ব করেন। উক্ত সভায় সিদ্ধান্ত হয়েছে যে, “সকল মন্ত্রণালয় তাদের পরিষিদ্ধুক্ত কোন কোন ক্ষেত্রে উচ্চতর গবেষণা প্রয়োজন তা চিহ্নিত করবে এবং এক মাসের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করবে। জনপ্রশাসন মন্ত্রণালয় সকল মন্ত্রণালয়কে এ মর্মে পত্র দেবে এবং প্রস্তাব প্রাপ্তির পর জনপ্রশাসন মন্ত্রণালয় প্রস্তাবসমূহ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ও পররাষ্ট্র মন্ত্রণালয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করবে”। উক্ত সিদ্ধান্তসমূহের আলোকে মন্ত্রণালয়সমূহে দক্ষ জনশক্তি তৈরি ও মানবসম্পদ উন্নয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত ছক অনুযায়ী তথ্য প্রদান করা আবশ্যিক:

| ক্র. নং | মন্ত্রণালয়ের পরিষিদ্ধুক্ত উচ্চতর গবেষণার জন্য বছরওয়ারী বৃত্তির চাহিদা | যৌক্তিকতা ও মন্ত্রণালয়ের সংশ্লিষ্টতা | প্রস্তাবিত গবেষণার মেয়াদ   |              | টাগেট গুণ (কর্মকর্তা/কর্মচারীর পর্যায়) | সম্ভাব্য বাস্তবায়নকারীর নাম |                         | প্রস্তাবনার ধরন                        |                   | প্রাধিকার/ বিশেষায়িত তথ্য | মন্তব্য |    |
|---------|---|---------------------------------------|-----------------------------|--------------|---|------------------------------|-------------------------|--|-------------------|----------------------------|---------|----|
|         |   |                                       | ষোলমাসের (৩ মাসের অনূর্ধ্ব) | দীর্ঘমেয়াদী |   | উন্নয়ন সহযোগী সংস্থা        | বাংলাদেশ সরকারের বৃত্তি | বর্তমানে চালু বৃত্তি/সহায়তা বৃত্তিকরণ | নতুনভাবে প্রবর্তন |                            |         |    |
| ১       | ২   | ৩                                     | ৪                           | ৫            | ৬                                       | ৭                            | ৮                       | ৯                                      | ১০                | ১১                         | ১২      | ১৩ |
|         |   |                                       |                             |              |   |                              |                         |  |                   |                            |         |    |

এমতাবস্থায়, বর্ণিত অবস্থার আলোকে তাঁর মন্ত্রণালয়ের তথ্যাবলী প্রেরিত ছক মোতাবেক আগামী ৩১/০৩/২০১৬ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একইসাথে এর সফটকপি [sasft.mopa@gmail.com](mailto:sasft.mopa@gmail.com) ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

  
ড. আবদুল হামিদ  
উপসচিব  
ফোন: ৯৫৭৪৪২৬  
[sasft.mopa@gmail.com](mailto:sasft.mopa@gmail.com)

বিতরণ: কার্যার্থে

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, ..... মন্ত্রণালয়।
- ৩। সচিব, ..... মন্ত্রণালয়/ বিভাগ (সকল)
- ৪। অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা (দৃ.আ. পরিচালক-৭)।
- ২। অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৫। সিনিয়র সচিব এর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।